ইনকিলাব

তারিখ ... 12 JUL 2007
পৃষ্ঠা ... ১২ কলাম ... ৫

# প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে পদক্ষেপ নেয়া হয়েছে

## -শিক্ষা উপদেষ্টা

স্টাফ রিপোর্টার

শিক্ষা উপদেষ্টা আইয়ুব কাদরী বলেছেন, শিক্ষার মানোন্নয়ন ও প্রসারে ইতোমধ্যে বাংলাদেশ বেশ সাফল্য অর্জন করেছে। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নের জন্য কার্যকর পদক্ষেপ নেয়া হয়েছে। অদূর ভবিষ্যতে এর ফল পাওয়া যাবে। তিনি গতকাল (বুধবার) রাজধানীর একটি হোটেলে আয়োজিত পৃঃ ২ঃ কঃ ৮

## প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার

১২-এর পৃষ্ঠার পর

বিটিভি'র জন্য নির্মিত আলো আমার আলো নাটকের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও ইউনিসেফ-এর সহায়তায় নির্মিত ২৬ পর্বের এ নাটকটি আগামী ১৮ জুলাই থেকে প্রতি বুধবার সকাল ৮টা ৩০ মিনিটে প্রচারিত হবে। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোঃ মোশাররফ হোসাইন ভুইয়া, ইউনিসেফ বাংলাদেশ-এর ভারপ্রাপ্ত কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ মিস রোমেনা মোরেলী। উপস্থিত ছিলেন নাট্য নির্মাতা ও অভিনেতা আবুল হায়াত, কথাসাহিত্যিক ও লেখক আনিসুল হক, এক্সপ্রেশান লিমিটেডের চেয়ারম্যান রামেন্দু মজুমদার ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক খন্দকার মোঃ আসাদুজ্জামান।

প্রধান অতিথি আইয়ুব কাদরী আরো বলেন, প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বাংলাদেশ ইতোমধ্যেই সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়েছে। তাছাড়া নারীশিক্ষা প্রসারের দিকে বিশেষ নজর দেয়ায় বর্তমানে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে ছেলেদের চেয়ে মেয়েদের উপস্থিতি বেশী। তবে এসএসসি পরীক্ষায় ছেলেদের সংখ্যা বেশী থাকে বলেও তিনি উল্লেখ করেন।

উপদেষ্টা বলেন, আলো আমার আলো নাটকটি দরিদ্র ও অসচেতন পরিবারে শিক্ষার বিষয়ে বিশেষ অবদান রাখতে সক্ষম হবে। বিশেষ অতিথি মোশাররফ হোসাইন ভুইয়া বলেন, সরকারের নেয়া পদক্ষেপ ২০১৫ সালের মধ্যে সবার জন্য প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে সরকারের পাশাপাশি অন্যান্য বেসরকারী উন্নয়ন সংস্থাসমূহকে এগিয়ে আসতে হবে। রাষ্ট্রের একার পক্ষে এত বড় দায়িত্ব পালন সম্ভব নয়।